# Times Today BD

আশিকুর রহমান | দেশজুড়ে | 26 April, 2025

বিএনপির ভাইস চেয়ারম্যান আহমেদ আযম খান বলেছেন, একটি দল স্থানীয় নির্বাচন চাচ্ছেন, তারাই আবার কিছু দিন আগে বলেছেন, আগামী রোজার আগে জাতীয় সংসদ নির্বাচন হতে হবে। যারা জাতীয় সংসদ নির্বাচনকে প্রলম্বিত করতে চায়, তারা ৫ আগস্টের গণ অভ্যুত্থানের সাথে বেঈমানী করার চেষ্টা করছে। শনিবার দুপুরের টাঙ্গাইলের বাসাইলে উপজেলা বিএনপির বর্ধিত সভায় যোগদানের আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন।

তিনি বলেন, বিগত ফ্যাসিস সরকার গণতন্ত্রের কথা না বলে শুধু উন্নয়নের কথা বলতেন। এ সরকারও আগে সংস্কার পরে গণতন্ত্রের কথা বলছেন। মানুষের প্রত্যাশা গণতন্ত্রে ফেরত যাওয়া, ন্যায় বিচার পাওয়া, আইনের শাসন প্রতিষ্ঠা করা। জনগনের অধিকার প্রতিষ্ঠা না হওয়ায় আমরা মাঠে আছি।অন্তবর্তীকালীন সরকারের কর্মকান্ড নিয়ে সারাদেশে ও আমাদের মাঝে ধোঁয়াশার সৃষ্টি হয়েছে।

তিনি আরও বলেন, আবার নিত্যপণ্যের দাম বাড়তে শুরু করেছে।অর্থনীতিতে আন্তর্জাতিক রেটিং কমে যাচ্ছে।বিদেশি বিনিয়োগ অনেক কমে যাচ্ছে, দেশীয় বিনিয়োগ শূন্যের কোটায়।আবার আমরা অর্থনৈতিক সংকটের দিকে অগ্রসর হচ্ছে।

উপজেলা ইসলামিক ফাউন্ডেশনের সভা কক্ষে আয়োজিত বর্ধিত সভায় উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মামুন আল জাহাঙ্গীরের সভাপতিত্বে জেলা বিএনপির সভাপতি হাসানুজ্জামীল শাহীন, সাধারণ সম্পাদক ফরহাদ ইকবাল, জেলা বিএনপির সাবেক যুগ্মসম্পাদক আবুল কাশেমসহ স্থানীয় নেতৃবৃন্দ বর্ধিত সভায় বক্তব্য রাখেন।

বিএনপি ভাইস চেয়ারম্যান নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:00

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758071452